প্রশিক্ষণ ম্যানুয়াল

বাংলাদেশ ও বিশ্বপরিচয়

৪র্থ দিন

সময়ঃ ১ ঘন্টা ৩০ মি (৩.৩০ – ৫.০০)

অধিবেশনের শিরোনাম : পরিবেশ পরিচিতি সমাজ ও বিজ্ঞান (সমন্বিত) ১ম ও ২য় শ্রেণির শিক্ষক সহায়িকা পরিচিতি

অধিবেশনের উদ্দেশ্য :

এই অধিবেশন শেষে প্রশিক্ষনার্থীরা:

- ❖ পরিবেশ পরিচিতি সমাজ ও বিজ্ঞান (সমন্বিত) ১ম ও ২য় শ্রেণির শিক্ষক সহায়িকার বৈশিষ্ট্য চিহ্নিত করতে পারবেন।
- ❖ পরিবেশ পরিচিতি সমাজ ও বিজ্ঞান (সমন্বিত) ১ম ও ২য় শ্রেণির শিক্ষক সহায়িকার কাঠামো বলতে পারবেন।

প্রশিক্ষণ সামগ্রী : ১ম ও ২য় শ্রেণির শিক্ষক সহায়িকা, ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর, পোস্টার পেপার, সাইন পেন, মার্কার, আর্ট পেপার, হোয়াইট বোর্ড, পুশপিন বোর্ড

অধিবেশন পরিচালন কৌশলঃ

কাজ ১: পরিবেশ পরিচিতি সমাজ ও বিজ্ঞান (সমন্বিত) শিক্ষক সহায়িকার বৈশিষ্ট্য চিহ্নিতকরণ

- কুশল বিনিময়ের মাধ্যমে শিখন সহায়ক পরিবেশ সৃষ্টি করুন।
- প্রশিক্ষণার্থীদের ৬ টি দলে ভাগ করুন।
- প্রত্যেক দলে শিক্ষক সহায়িকার কপি সহ পোস্টার, মার্কার সরবরাহ করুন।
- প্রতি দলে বিতরণকৃত শিক্ষক সহায়িকার বৈশিষ্ট্য কী কী তা পোস্টার পেপারে লিখতে বলুন।
- দলীয় কাজের জন্য সময় বরাদ্দ করুন এবং নির্ধারিত সময়ে দলীয় কাজ সমাপ্ত করার জন্য ঘুরে ঘুরে পর্যবেক্ষণ করুন।
- দলগত কাজ উপস্থাপন করতে বলুন।
- সকলের গঠনমূলক মতামতের ভিত্তিতে চূড়ান্ত সিদ্ধান্ত নিন।

কাজ ২: পরিবেশ পরিচিতি সমাজ ও বিজ্ঞান (সমন্বিত) শিক্ষক সহায়িকার কাঠামো বিশ্লেষণ করা।

- পূর্ববর্তী দল অনুযায়ী বসতে বলুন।
- বিতরণকৃত শিক্ষক সহায়িকার কাঠামো বিন্যাস সম্পর্কে আলোচনা করে লিখতে বলুন।
- প্রতি দল থেকে একজনকে উপস্থাপন করতে বলুন।
- পরিশেষে পূর্বে প্রস্তুতকৃত কাঠামো বিন্যাস পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করুন। প্রত্যেকটি দলকে তাদের কাজ মিলিয়ে দেখতে বলুন।

মূল্যায়নঃ

মূল্যায়নের জন্য নিম্নরূপ প্রশ্ন করুন-

১। শিক্ষক সহায়িকার বৈশিষ্ট্য কী ? দুইটি বৈশিষ্ট্য উল্লেখ করুন।

২। শিক্ষক সহায়িকার কাঠামো বিন্যাসটি বলুন।

হ্যান্ড আউট

পরিবেশ পরিচিতি সমাজ ও বিজ্ঞান (সমন্বিত) ১ম ও ২য় শ্রেণির শিক্ষক সহায়িকার বৈশিষ্ট্যঃ

- ❖ শ্রেণি কার্যক্রম পরিচালনায় ও উপকরণ ব্যবহারে শিক্ষকের স্বাধীনতা আছে।
- ❖ পরিবেশ, সমাজ, দেশ ও প্রাকৃতিক ঘটনা সম্পর্কে বিভিন্ন বিষয়বস্তু সংযুক্ত করা হয়েছে, যা কোমলমতি শিক্ষার্থীর সামাজিক বিকাশ ঘটাবে ও বিজ্ঞানমনস্ক করে গড়ে উঠতে সাহায্য করবে।
- ❖ শ্রেণি কার্যক্রম পরিচালনায় বাস্তব উপকরণ ব্যবহারের গুরুত্ব দেওয়া হয়েছে।
- ❖ শিশুর শিখনকে আনন্দদায়ক ও স্থায়ী করার জন্য তার নিকট পরিবেশে নিয়ে যাওয়ার নির্দেশনা রয়েছে।
- ❖ প্রান্তিক যোগ্যতার উপর ভিত্তি করে শিক্ষক সহায়িকাটির কাঠামো তৈরি করা হয়েছে।
- ❖ পাঠের শেষে নমুনা প্রশ্ন সংযোজন করা হয়েছে।

পরিবেশ পরিচিতি সমাজ ও বিজ্ঞান (সমন্বিত) ১ম ও ২য় শ্রেণির শিক্ষক সহায়িকার কাঠামোঃ

১. সূচিপত্র
২. অধ্যায় সংখ্যা
৩. অধ্যায়ভিত্তিক বিষয়বস্তু

↓

অর্জন উপযোগী যোগ্যতা

↓

শিখনফল

↓

পাঠ বিভাজন

↓

পাঠের শিরোনাম

↓

শিখনফল

↓

উপকরণ

↓

বিষয়বস্তু

↓

শিখন শেখানো কার্যাবলী

↓

পরিকল্পিত কাজ

↓

মূল্যায়ন

৫ম দিন

সময়ঃ ১.৩০ মি. (৯:০০ - ১০:৩০)

অধিবেশনের শিরোনাম : সমাজ ও বিজ্ঞান (সমন্বিত) মূল্যায়ন

উদ্দেশ্য :এই অধিবেশন শেষে প্রশিক্ষনার্থীরা:

- ❖ প্রাথমিক শিক্ষায় ১ম ও ২য় শ্রেণির সমাজ ও বিজ্ঞান (সমন্বিত) বিষয়ে মূল্যায়নের সাধারণ নির্দেশনাগুলো উল্লেখ করতে পারবে।
- ❖ প্রাথমিক শিক্ষায় ১ ম ও ২য় শ্রেণিরসমাজ ও বিজ্ঞান (সমন্বিত) বিষয়ের মূল্যায়নের (ধারাবাহিক ও সামষ্টিক) কাঠামো ব্যাখ্যা করতে পারবেন।
- ❖ ধারাবাহিক মূল্যায়নে চেক লিস্টের প্রয়োগ দেখাতে পারবেন।

প্রশিক্ষণসামগ্রী : মূল্যায়ণ নির্দেশিকা

অধিবেশন পরিচালন কৌশল:

কাজ-১:
প্রশিক্ষক একটি পোস্টারের অথবা মাল্টিমিডিয়ার মাধ্যমে মূল্যায়নের সাধারণ নির্দেশনাগুলো উপস্থাপন করবেন।এরপর প্রশিক্ষক প্রশিক্ষনার্থীদের সম্পূরক প্রশোত্তরের মাধ্যমে মূল্যায়নের সাধারণ নির্দেশনা সম্পর্কে তাদের ধারনা স্পষ্ট করবেন।

কাজ-২:
প্রশিক্ষনার্থীদেরকে ৬টি দলে ভাগকরুন (৩টি দল ধারাবাহিক ও ৩টি দল সামষ্টিকমূল্যায়নেরজন্য)।দলের নিচের বিষয়সমূহ নিয়ে আলোচনা করবেন ও পোস্টার পেপারে লিখবেন।

- মূল্যায়ন ক্ষেত্র
- বিবেচ্য বিষয়
- মূল্যায়ন পদ্ধতি
- মূল্যায়ন টুলস
- নম্বর বিভাজন

প্রশিক্ষক ঘুরে ঘুরে প্রয়োজনীয় নির্দেশনা দিবেন। ধারাবাহিক ও সামষ্টিকের পক্ষ থেকে একটি করে দল তাদেও কাজ উপস্থাপন করবেন। অন্য দলগুলো প্রয়োজনীয় ফলাবর্তন প্রদান করবেন। এরপর দলীয় কাজ উপস্থাপনের পর প্রশিক্ষক প্রয়োজনীয় ক্ষেত্রে সংযোজন ও বিয়োজন করে ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়নের কাঠামো অনুধাবন করতে সাহায্য করবেন।

কাজ-৩:
পূর্বের দলে ধারাবাহিক মূল্যায়নের চেকলিস্ট সরবরাহ করুনএবংসবাইকে দলে আলোচনা করতে দিন। এরপর একটি দলকে কীভাবে এই চেকলিস্টটি ব্যবহার করতে হবে তা উপস্থাপন করতে বলুন। অন্য দল সমূহকে প্রয়োজনীয় ক্ষেত্রে ফলাবর্তন প্রদান করতে বলুন।

প্রশিক্ষক প্রয়োজনীয় ক্ষেত্রে সংযোজন ও বিয়োজনের মাধ্যমে ধারাবাহিক মূল্যায়ন ও সামষ্টিক মূল্যায়নের চেকলিস্টটি কীভাবে ব্যবহার করতে হবে তার ধারনা স্পষ্ট করবেন।

মূল্যায়ণঃ

মূল্যায়ণের জন্য নিচের প্রশ্নগুলো করুন।

১। প্রাথমিকশিক্ষায় ১ম ও ২য় শ্রেণিরসমাজ ও বিজ্ঞান (সমন্বিত) বিষয়েমূল্যায়নের সাধারণ নির্দেশনাগুলো কী কী ?
২। প্রাথমিকশিক্ষায় ১ ম ও ২য় শ্রেণিরসমাজ ও বিজ্ঞান (সমন্বিত) বিষয়ের মূল্যায়ন ক্ষেত্রগুলো কি কি?
৩। প্রাথমিকশিক্ষায় ১ ম ও ২য় শ্রেণিরসমাজ ও বিজ্ঞান (সমন্বিত) বিষয়ের মূল্যায়নের বিবেচ্য বিষয়গুলো কি কি?
৪। প্রাথমিকশিক্ষায় ১ ম ও ২য় শ্রেণিরসমাজ ও বিজ্ঞান (সমন্বিত) বিষয়ের মূল্যায়নেরপদ্ধতি ও টুলসগুলো কি কি?
৫। প্রাথমিকশিক্ষায় ১ ম ও ২য় শ্রেণিরসমাজ ও বিজ্ঞান (সমন্বিত) বিষয়ের মূল্যায়নের নম্বরবিভাজন উল্লেখ করুন।
৬। ধারাবাহিক মূল্যায়নে চেকলিস্টেরমূল বিবেচ্য বিষয়গুলো কি কি?

অধিবেশনের শিরোনামঃ পাঠ প্রদর্শন ও আলোচনা (১ম ও ২য় শ্রেণি)

সময়ঃ ২৫ মিনিট (১০.০০ - ১০.৩০= ৩০ মি.)

উদ্দেশ্যঃ এই অধিবেশন শেষে প্রশিক্ষনার্থীরাঃ

(১) শিক্ষক সহায়িকা থেকে পাঠ পরিকল্পনা অনুসরণ করে পাঠ প্রদর্শন করতে পারবেন।
(২)প্রদর্শিত পাঠ পর্যবেক্ষণ করে পাঠের সবল ও উন্নয়নের ক্ষেত্র চিহ্নিত করতে পারবেন ।
(৩) প্রদর্শিত পাঠের উন্নয়নের জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করতে পারবেন।

প্রশিক্ষণ সামগ্রীঃ প্রথম শ্রেণির শিক্ষক সহায়িকা, পাঠ পরিকল্পনা (অধ্যায় ৯, পাঠ ১: নানান রকম খাবার) মার্কার, পাঠ সংশ্লিষ্ট উপকরণ, পর্যবেক্ষণ ছক ইত্যাদি।

কাজ- ১: শিক্ষক সহায়িকার পাঠ পরিকল্পনা অনুসরণ করে পাঠ প্রদর্শন করা- ১৫ মিনিট

- শিক্ষক সহায়িকা থেকে নির্ধারিত পাঠ প্রদর্শনের জন্য উপকরণসহ পাঠ প্রদর্শনের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করুন অথবা একজন শিক্ষককে পাঠ প্রদর্শনের জন্য প্রস্তুতি নিতে বলুন। পাঠটি ২০ মিনিটের মধ্যে শেষ করতে তা বলুন
- প্রদর্শিত পাঠ পর্যালোচনার জন্য পর্যবেক্ষণ চেকলিস্ট- ৫ সকলকে সরবরাহ করুন এবং ব্যাখ্যা করে বুঝিয়ে দিন।
- অংশগ্রহনকারীদেরকে দুই দলে ভাগ হতে বলুন।
- একটি দলকে শিক্ষার্থীর ভূমিকায় এবং অপর দলকে পর্যবেক্ষকের ভূমিকায় বসতে বলুন।
- পর্যবেক্ষকদেরকে প্রদত্ত পর্যবেক্ষণ চেকলিস্টের আলোকে পাঠ পর্যবেক্ষণ করতে বলুন এবং পাঠ প্রদর্শন করুন।

কাজ- ২: পর্যবেক্ষণের আলোকে পাঠের সবল ও উন্নয়নের ক্ষেত্রসমূহ চিহ্নি করা। সময় - ১০ মিনিট

- পাঠ প্রর্দশন শেষে প্রথমে পর্যবেক্ষকদের নিকট থেকে এবং শেষে শিক্ষার্থী হিসেবে যারা অংশগ্রহন করেছেন তাদের নিকট থেকে তথ্য নিয়ে পাঠের সবল ও উন্নয়নের দিকসমূহ বোর্ডে লিখুন।
- সকলকে সক্রিয় অংশগ্রহনের মাধ্যমে বোর্ডে লিপিবদ্ধ সবল দিক ও পাঠের উন্নয়নের ক্ষেত্র অনুযায়ী প্রয়োজনীয় পরামর্শ দিতে উদ্বুদ্ধ করুন।
- অধিবেশনের সারসংক্ষেপ করুন এবং সকলকে ধন্যবাদ দিয়ে আলোচনার সমাপ্তি করুন।

হ্যান্ড আউট

মূল্যায়ণ নির্দেশিকা : ১ম ও ২য় শ্রেণি

৬ষ্ঠ দিন

সময়: ৪৫ মি. (৯:০০ - ৯.৪৫)

অধিবেশনের শিরোনাম : প্রাথমিক বিজ্ঞান - বিস্তৃত শিক্ষাক্রম (৩য়-৫ম শ্রেণি)

উদ্দেশ্য: এই অধিবেশন শেষে প্রশিক্ষনার্থীরা:

- ❖ এই অধিবেশন শেষে প্রশিক্ষানার্থীরা ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির বিস্তৃত কারিকুলামের কাঠামো ব্যাখ্যা করতে পারবেন।
- ❖ বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা, শিখনফল ও বিষয়বস্তুর মধ্যে আন্তঃসম্পর্ক দেখাতে পারবেন।
- ❖ বিষয়বস্তুর সাথে সংশ্লিষ্ট পরিকপ্লিত কাজ/ পরীক্ষণ/ প্রদর্শন সমূহের ধরন বিশ্লেষন করতে পারবেন।

প্রশিক্ষন সামগ্রী : প্রশিক্ষন ম্যানুয়াল, ল্যাপটপ, মাল্টিমিডিয়া, বিস্তৃত কারিকুলাম, পোস্টার পেপার, মার্কার ইত্যাদি।

পরিচালনার কৌশল :

কাজ–১: প্রশিক্ষনার্থীদের ৬টি দলে ভাগ করুন। দলগুলোকে নিম্নোক্ত কাজ দিন।

দল–১ : ৩য় শ্রেণির প্রাথমিক বিজ্ঞান শিক্ষাক্রমের নমুনা পৃষ্ঠা থেকে বিস্তৃত কারিকুলামের কাঠামো নির্ণয় করবেন।

দল–২ : ৪র্থ শ্রেণির প্রাথমিক বিজ্ঞান শিক্ষাক্রমের নমুনা পৃষ্ঠা থেকে বিস্তৃত কারিকুলামের কাঠামো নির্ণয় করবেন।

দল–৩: ৪র্থ শ্রেণির প্রাথমিক বিজ্ঞান "বিষয় ভিত্তিক" প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা, শিখনফল ও বিষয়বস্তুর মধ্যে আন্তঃসম্পর্ক দেখাবেন।

দল –৪: বিষয় বস্তুর সাথে ৩য় শ্রেণির পাঠ্য বইয়ের পরিকল্পিত কাজ/ পরীক্ষণ/ প্রদর্শন মূলক কাজ সমূহের ধরন বিশ্লেষন করবেন।

দল–৫: বিষয় বস্তুর সাথে ৪র্থ শ্রেণির পাঠ্য বইয়েরর পরিকল্পিত কাজ/ পরীক্ষন/ প্রদর্শনমূলক কাজ সমূহের ধরন বিশ্লেষন করবেন।

দল–৬: বিষয় বস্তুর সাথে ৫ম শ্রেণির পাঠ্যবইয়ের পরিকল্পিত কাজ/ পরীক্ষণ / প্রদর্শন মূলক কাজ সমূহের ধরন বিশ্লেষন করবেন।

প্রশিক্ষক ঘুরে ঘুরে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন। এরপর ১ম, ৩য় ও ৫ম দল তাদের কাজ উপস্থাপন করবেন। ২য়, ৪র্থ ও ৬ষ্ঠ দল প্রয়োজনীয় ক্ষেত্র তাদের মতামত প্রদান করবেন। প্রশিক্ষক বিস্তৃত শিক্ষাক্রমের সঠিক ধারনা গঠনে সার্বিক সহায়তা করবেন।

৫ম দিন :

সময় : ৪০ মি. (১১.০০-১১.৪০)

অধিবেশনের শিরোনামঃ বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিক্ষাক্রম পরিচিতি সময়: ৪০মি.

ভূমিকা

'বাংলাদেশ ও বিশ্বপরিচয়' প্রাথমিক শিক্ষাক্রমের একটি আবশ্যিক বিষয়। শিশু যাতে দেশ ও বিশ্ব সম্পর্কে প্রয়োজনীয় জ্ঞান, দক্ষতা ও দৃষ্টিভঙ্গি অর্জনের মাধ্যমে ক্রমপরিবর্তনশীল সামাজিক পরিবেশের সাথে খাপ খাইয়ে চলার দক্ষতা অর্জন করতে পারে সেদিকে লক্ষ্য রেখে এ বিষয়ের শিক্ষাক্রম প্রণয়ন করা হয়েছে। শিশুকে জাতীয় ও আন্তর্জাতিক সমাজের উপযোগী দায়িত্বশীল ও সৃজনশীল নাগরিক হিসেবে গড়ে তোলাই এ বিষয়টি পঠন-পাঠনের প্রধান লক্ষ্য। বিদ্যালয়ে 'বাংলাদেশ ও বিশ্বপরিচয়' বিষয়ে ফলপ্রসূ পাঠদানের মাধ্যমে এ লক্ষ্য অর্জন সম্ভব । এজন্য শিক্ষকের অবশ্যই এ বিষয়ের শিক্ষাক্রম সম্পর্কে সম্যক জ্ঞান থাকা প্রয়োজন। বাংলাদেশে ১৯৯২ সালে প্রাথমিক স্তরে যোগ্যতাভিত্তিক শিক্ষাক্রম প্রবর্তন করা হয়। এই শিক্ষাক্রমে 'পরিবেশ পরিচিতি-সমাজ' বিষয়টি একটি আবশ্যিক বিষয় হিসেবে চালু করা হয়েছিল। উক্ত শিক্ষাক্রম ২০০২-২০০৩ সালে পরিমার্জন করা হয়। ২০১১ সালে এই শিক্ষাক্রম পুনরায় পরিমার্জন করা হয় এবং এই শিক্ষাক্রমে 'পরিবেশ পরিচিতি-সমাজ' বিষয়টির নামকরণ করা হয় 'বাংলাদেশ ও বিশ্বপরিচয়' ।

অধিবেশনের উদ্দেশ্যঃ **সময় :০২মি.**

এ অধিবেশন শেষে প্রশিক্ষণার্থীগণ-

১. প্রাথমিক স্তরের প্রান্তিকযোগ্যতা থেকে বিষয় সংশ্লিষ্ট প্রান্তিক যোগ্যতা শনাক্ত করতে পারবেন।
২. বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতার সংখ্যা উল্লেখ করতে পারবেন।
৩. আবশ্যকীয় শিখনক্রম ও বিস্তৃত শিক্ষাক্রম সম্পর্কে ব্যাখ্যা করতে পারবেন।
৪. শিক্ষাক্রমের যথাযথ বাস্তবায়নে শিক্ষকের করণীয় বর্ণনা করতে পারবেন।

প্রশিক্ষণ সামগ্রীঃ

২৯ টি প্রান্তিক যোগ্যতার হ্যান্ডআউট, বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতার হ্যান্ডআউট, বিস্তৃত শিক্ষাক্রম হ্যান্ডআউট, ৩য় ও ৪র্থশ্রেণির পাঠ্যপুস্তক।

কাজ-১: বিষয় সংশ্লিষ্ট প্রান্তিক যোগ্যতা শনাক্তকরণ। সময়:০৮মি.

সহায়কের করনীয়ঃ

১. পরিমার্জিত শিক্ষাক্রমের ২৯ টি প্রান্তিক যোগ্যতা সম্বলিত হ্যান্ডআউট জোড়ায় জোড়ায় সরবরাহ করুন।
২. জোড়ায় আলোচনা করে কোন কোন প্রান্তিক যোগ্যতা বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের সহিত সম্পর্ক যুক্ত তা শনাক্ত করতে বলুন।

৩. আলোচনা পর্বে অংশগ্রহনকারীদের উত্তরের আলোকে বিষয়টি সম্পর্কে আলোচনা করুন। অতপর বলুন ২৯ টি প্রান্তিক যোগ্যতার মধ্যে ৪টি প্রান্তিকযোগ্যতা বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের সাথে সরাসরি যুক্ত এবং ১১টি প্রান্তিক যোগ্যতা কোন না কোনভাবে এ বিষয়ের সাথে সংশ্লিষ্ট।

কাজ-২: বিষয়ভিত্তি প্রান্তিক যোগ্যতা, শ্রেণিভিত্তিক প্রান্তিক যোগ্যতা ও শিখনফল বিশ্লেষণঃ সময়:২৫ মি.

সহায়কের করণীয়ঃ

১. প্রশিক্ষণার্থীগণকে ৫টি দলে ভাগ করুন।
২. নিচের ছক অনুযায়ী ৩টি সংশ্লিষ্ট হ্যান্ডআউট বিতরণ করুন। বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা অনুযায়ী শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা কীভাবে বিন্যস্ত হয়েছে তা তিনটি দলকে আলোচনা করতে বলুন।

দল	হ্যান্ডআউট	বিষয়ভিত্তিক প্রান্তিক যোগত্য
এক	১	১নং থেকে ৪নং
দুই	২	৫নংথেকে ৯নং
তিন	৩	১২নংথেকে ১৪নং

৩. এবার ৪নং ও ৫নং দলকে নিচের ছক অনুযায়ী হ্যান্ডআউট ও পাঠ্যপুস্তক বিতরণ করুন।বিষয়ভিত্তিক প্রান্তিকযোগ্যতা, শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা ও শিখনফল কিভাবে বিন্যস্ত হয়েছে এবং পাঠ্যপুস্তকে উক্ত শিখনফল ভিত্তিক বিষয়বস্তু শনাক্ত করতে বলুন।

দল	হ্যান্ডআউট	বিষয়ভিত্তিক প্রান্তিক যোগত্য (বিস্তৃত শিক্ষাক্রম)
চার	৪	৩নং থেকে ৬নং (৩য় শ্রেণি)
পাঁচ	৫	৭নং থেকে ১০নং (৪র্থ শ্রেণি)

৪. দলীয় কাজ শেষে প্রতিটি দলকে তাদের দলীয় কাজের ফলাফল উপস্থাপন করতে বলুন।
৫. দলীয় কাজ উপস্থাপন শেষে সহায়ক **বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতার সাথে শ্রেণি ভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা ও শিখনফলের আন্তঃসম্পর্ক** এর সুস্পস্ট ব্যাখ্যা প্রদান করবেন।

কাজ-৩: শিক্ষাক্রম বাস্তবায়নে শিক্ষকের করণীয়ঃ সময়:০৫ মি.

সহায়কের করণীয়ঃ

- বাংলাদেশ ও বিশ্বপরিচয়' শিক্ষাক্রমের যথাযথ বাস্তবায়নে একজন শিক্ষক হিসেবে আপনার কী করণীয়' এ প্রশ্নটি কার্ডে প্রদর্শন করে অংশগ্রহনকারীদের ১ মিনিট চিন্তা করতে বলুন।
- চিন্তা শেষে অংশগ্রহণকারীদের নিকট থেকে প্রাপ্ত উত্তরগুলো হোয়াইট বোর্ডে/পোস্টার পেপারে লিখবেন।
- লেখা শেষে তাদের মধ্য থেকে একজনকে পড়তে বলবেন এবং আরো কোন তথ্য আছে কি না তা বলতে বলবেন।
- সবশেষে সহায়ক নিজে তৈরিকৃত চার্ট প্রদর্শন করবেন।

মূল্যায়ন: সহায়ক নিচের প্রশ্নের আলোকে অধিবেশন মূল্যায়ন করবেন। **সময়: ০২মিনিট.**

১. বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের প্রান্তিক যোগ্যতা কয়টি?

২. কীসের আলোকে শিখনফল নির্ধারিত হয়েছে?

৩. অর্জনোপযোগী যোগ্যতা ও শিখনফল একজন শিক্ষকের জানা জরুরী কেন?

তথ্যপত্র

কাজ-১ঃ হ্যান্ডআউট

২৯টি প্রান্তিক যোগ্যতা

১. সর্বশক্তিমান আল-াহ তা'য়ালা/সৃষ্টিকর্তার প্রতি আস্থা ও বিশ্বাস স্থাপন, সকল সৃষ্টির প্রতি ভালোবাসায় উদ্দীপ্ত হওয়া।

২. নিজ নিজ ধর্ম প্রবর্তকের আদর্শ এবং ধর্মীয় অনুশাসন অনুশীলনের মাধ্যমে নৈতিক ও চারিত্রিক গুণাবলি অর্জন করা।

৩. সকল ধর্ম ও ধর্মাবলম্বীদের প্রতি সম্মান প্রদর্শন ও ভ্রাতৃত্ববোধে উদ্দীপ্ত ও শ্রদ্ধাশীল হওয়া।

৪. কল্পনা, কৌতূহল, সৃজনশীলতা ও বুদ্ধির বিকাশে আগ্রহী হওয়া।

৫. সংগীত, চারু ও কারুকলা ইত্যাদির মাধ্যমে সৃজনশীলতা, সৌন্দর্যচেতনা, সুকুমারবৃত্তি ও নান্দনিকবোধের প্রকাশ এবং সৃজনশীলতার আনন্দ ও সৌন্দর্য উপভোগে সামর্থ্য অর্জন করা।

৬. প্রকৃতির নিয়মগুলো জানার মাধ্যমে বিজ্ঞানের জ্ঞান অর্জন করা।

৭. বিজ্ঞানের নীতি ও পদ্ধতি এবং যৌক্তিক চিন্তার মাধ্যমে সমস্যা সমাধানের অভ্যাস গঠন এবং বিজ্ঞানমনস্কতা অর্জন করা।

৮. প্রযুক্তি এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি সম্পর্কে জানা ও প্রয়োগের মাধ্যমে জীবনযাত্রার মান উন্নয়ন করা

৯. বাংলা ভাষার মৌলিক দক্ষতা অর্জন এবং জীবনের সর্বক্ষেত্রে তা কার্যকরভাবে ব্যবহার করা।

১০. বিদেশি ভাষা হিসেবে ইংরেজি ভাষার মৌলিক দক্ষতা অর্জন ও ব্যবহার করা।

১১. গাণিতিক ধারণা ও দক্ষতা অর্জন করা।

১২. যৌক্তিক চিন্তার মাধ্যমে গাণিতিক সমস্যার সমাধান করতে পারা।

১৩. মানবাধিকার, আন্তর্জাতিকতাবোধ, বিশ্বভ্রাতৃত্ব ও বিশ্বসংস্কৃতির প্রতি আগ্রহী ও শ্রদ্ধাশীল হওয়া।

১৪. স্বাধীন ও মুক্তচিন্তায় উৎসাহিত হওয়া এবং গণতান্ত্রিক রীতিনীতি অনুশীলন করা।

১৫. নৈতিক ও সামাজিক গুণাবলি অর্জনের মাধ্যমে ভালো-মন্দের পার্থক্য নিরূপণ এবং তা বাস্তব জীবনে প্রয়োগ করা।

১৬. ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক ও রাষ্ট্রীয় সম্পদের সুষ্ঠু ব্যবহার ও সংরক্ষণে যত্নশীল হওয়া।

১৭. বিশেষ চাহিদাসম্পন্ন শিশুসহ নারী-পুরুষ, জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে সকলের সঙ্গে সম্প্রীতি ও শান্তিপূর্ণ সহ-অবস্থানের মানসিকতা অর্জন করা।

১৮. অন্যকে অগ্রাধিকার দেওয়ার মাধ্যমে ত্যাগের মনোভাব অর্জন ও পরমতসহিষ্ণুতা প্রদর্শন এবং মানবিক গুণাবলি অর্জন করা।

১৯. সামাজিক কর্মকাণ্ডে সক্রিয় অংশগ্রহণ এবং নিজের দায়িত্ব ও অধিকার সম্পর্কে সচেতন হওয়া।

২০. প্রতিকূলতা ও দুর্যোগ সম্পর্কে জানা এবং তা মোকাবেলায় দক্ষ ও আত্মপ্রত্যয়ী হওয়া।

২১. নিজের কাজ নিজে করা এবং শ্রমের মর্যাদা দেওয়া।

২২. প্রকৃতি, পরিবেশ ও বিশ্বজগৎ সম্পর্কে জানা ও ভালোবাসা এবং পরিবেশের উন্নয়ন ও সংরক্ষণে উদ্বুদ্ধ হওয়া।

২৩. আবহাওয়া ও জলবায়ুর পরিবর্তনের সমস্যা মোকাবেলায় ইতিবাচক ভূমিকা গ্রহণ।

২৪. মানুষের মৌলিক চাহিদা ও পরিবেশের ওপর জনসংখ্যার প্রভাব এবং জনসম্পদের গুরুত্ব সম্পর্কে জানা।

২৫.শরীরচর্চা ও খেলাধুলার মাধ্যমে শারীরিক ও মানসিক বিকাশ সাধন এবং নেতৃত্বের গুণাবলি অর্জন করা।
২৬.নিরাপদ ও স্বাস্থ্যকর জীবন যাপনের অভ্যাস গঠন করা।
২৭. মুক্তিযুদ্ধের চেতনায় দেশপ্রেম ও জাতীয়তাবোধে উদ্দীপ্ত হওয়া এবং ত্যাগের মনোভাব গঠন ও দেশ গড়ার কাজে সক্রিয় অংশগ্রহণ করা।
২৮.জাতীয় ইতিহাস, ঐতিহ্য ও সংস্কৃতি সম্পর্কে জানা এবং এগুলোর প্রতি শ্রদ্ধাশীল হওয়া ।
২৯.বাংলাদেশকে জানা ও ভালোবাসা।

পরিমার্জিত শিক্ষাক্রমে ২৯ টি প্রান্তিক যোগ্যতা নির্ধারণ করা হয়েছে। এগুলোর মধ্যে ৪ টি প্রান্তিক যোগ্যতা (১৩, ২৪, ২৭, ২৯) 'বাংলাদেশ ও বিশ্বপরিচয়' বিষয়ের সাথে সরাসরি সম্পৃক্ত। এ ছাড়া আরো ১১ টি প্রান্তিক যোগ্যতা (১৪, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০,২১,২২,২৩ ও ২৮) এ বিষয়ের সাথে সম্পর্কযুক্ত ।

কাজ-২ঃ ১নং হ্যান্ডআউট

বাংলাদেশ ও বিশ্বপরিচয়

আবশ্যকীয় শিখনক্রম

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা				
	প্রথম শ্রেণি	দ্বিতীয় শ্রেণি	তৃতীয় শ্রেণি	চতুর্থ শ্রেণি	পঞ্চম শ্রেণি
১. সমাজ, পরিবেশ ও পরিবেশের বিভিন্ন উপাদান সম্পর্কে জানা এবং এগুলোর পারস্পরিক সম্পর্কের গুর"ত্ব উপলব্ধি করা।	১.১ বিদ্যালয়, বাড়ি/বাসা ও আশেপাশের পরিবেশ পর্যবেক্ষণ করবে এবং বিভিন্ন উপাদানের নাম বলতে পারবে।	১.১ চারপাশের পরিবেশের সামাজিক ও প্রাকৃতিক উপাদানগুলো সম্পর্কে জানবে। ১.২ পরিবেশের বিভিন্ন উপাদানের পারস্পরিক নির্ভরশীলতা উপলব্ধি করবে।	১.১ সমাজ ও পরিবেশ সম্পর্কে জানবে। ১.২ সামাজিক ও প্রাকৃতিক পরিবেশের বিভিন্ন উপাদান এবং এদের কাজ ও গুর"ত্ব সম্পর্কে জানবে।	১.১ প্রাকৃতিক ও সামাজিক পরিবেশের বিভিন্ন উপাদানের পারস্পরিক সম্পর্ক জানবে এবং উপলব্ধি করবে।	-
২. বিশেষ-চাহিদাসম্পন্ন শিশুসহ (নারী-পুরুষ, শ্রেণি, জাতি-ধর্ম-বর্ণ ইত্যাদি নির্বিশেষে) সকলের সাথে সহযোগিতা ও সম্প্রীতির মানসিকতা অর্জন করা।	২.১ বাড়ি ও বিদ্যালয়ে সকলের সঙ্গে মিলেমিশে চলবে। ২.২ বাড়ি ও বিদ্যালয়ে সকলের সঙ্গে সহযোগিতামূলক আচরণ করবে ও প্রয়োজনে নিজের ব্যবহার্য সামগ্রী দিয়ে সহযোগিতা করবে।	২.১ বাড়ি, বিদ্যালয় এবং আশেপাশে সকলের সঙ্গে মিলেমিশে চলবে ও সহযোগিতা করবে। ২.২ বিভিন্ন জীবনধারা এবং ধর্মের অনুসারী সহপাঠীদের ধর্মীয় উৎসবের নাম জানবে যথাসম্ভব।	২.১ সমাজে সকলের সঙ্গে সম্প্রীতি ও শান্তিপূর্ণ সহাবস্থানের গুর"ত্ব অনুধাবন করবে। ২.২ বিশেষ-চাহিদাসম্পন্ন শিশু সহ নারী-পুর"ষ, শ্রেণি, জাতি-ধর্ম-বর্ণ, ছোট-বড় নির্বিশেষে সকলের সঙ্গে ভালো আচরণ করবে। ২.৩ বিভিন্ন জীবনধারা ও ধর্মের অনুসারী সহপাঠীদের বিভিন্ন ধর্মীয় উৎসবের নাম জানবে,	২.১ বিশেষ-চাহিদাসম্পন্ন শিশুসহ নারী-পুরুষ, শ্রেণি, জাতি-ধর্ম-বর্ণ ইত্যাদি নির্বিশেষে সকলের সঙ্গে সম্প্রীতি ও শান্তিপূর্ণ সহ- অবস্থানের মানসিকতা অর্জন করবে। ২.২বিশেষ-চাহিদাসম্পন্ন শিশু ও ব্যাক্তির চাহিদা বুঝবে ও প্রয়োজনীয় সহযোগিতা করবে। ২.৩ বাংলাদেশের কয়েকটি ক্ষুদ্র জাতিসত্তার জীবনধারা সম্পর্কে জানবে।	২.১ সমাজের সদস্য হিসেবে নারী পুর"ষের সম-মর্যাদা বুঝবে এবং পরিবার ও বিদ্যালয়ে বিভিন্ন সুযোগ-সুবিধা ও অধিকারের ক্ষেত্রে নারী-পুর"ষের সমতার গুর"ত্ব উপলব্ধি করবে। ২.২ অটিজম কী বুঝতে পারবে এবং অটিস্টিক শিশুদের বিশেষ বৈশিষ্ট্য জানা ও চাহিদা অনুধাবনের মাধ্যমে তাদের প্রতি ইতিবাচক আচরণ প্রদর্শনের মনোভাব অর্জন করবে।

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা				
	প্রথম শ্রেণি	দ্বিতীয় শ্রেণি	তৃতীয় শ্রেণি	চতুর্থ শ্রেণি	পঞ্চম শ্রেণি
			শ্রদ্ধাপোষণ করবে।		
৩. মৌলিক চাহিদা ও মানবাধিকার সম্পর্কে ধারণা অর্জন এবং বাস্তব জীবনে অনুশীলন করা।	-	-	৩.১ শিশুর কয়েকটি মৌলিক অধিকার সম্পর্কে জানবে। ৩.২ শিশু নিজের অধিকার প্রতিষ্ঠায় সচেতন হবে ও অন্যের অধিকারের প্রতি শ্রদ্ধাশীল হবে।	-	৩.১ মানবাধিকার সম্পর্কে জানবে। ৩.২ মানবাধিকার বাস্তবায়ন সম্পর্কে সচেতন হবে।
৪. সমাজ ও রাষ্ট্রের সদস্য হিসেবে নিজের অধিকার, দায়িত্ব-কর্তব্য ও নিরাপত্তা সম্পর্কে জানা এবং এগুলো অর্জন ও পালনে সচেতন হওয়া।	৪.১ পরিবারের গুর"ত্ব বলতে পারবে। ৪.২ নিজের নিরাপত্তা সম্পর্কে সচেতন হবে।	৪.১ শিশুর প্রতি পরিবারের সদস্যদের দায়িত্ব এবং পরিবারের প্রতি শিশুর দায়িত্ব বলতে পারবে।	৪.১ শিশুর প্রতি পরিবারের ও পরিবারের প্রতি শিশুর দায়িত্ব বলতে পারবে।	৪.১ নাগরিক হিসেবে রাষ্ট্রের কাছ থেকে প্রাপ্য অধিকারগুলো সম্পর্কে জানবে। ৪.২ নিজের অধিকারসহ অন্যের অধিকার প্রতিষ্ঠায় সচেতন হবে ও অন্যের অধিকারকে শ্রদ্ধা করবে।	৪.১ সমাজ ও রাষ্ট্রের প্রতি নিজ দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে জানবে ও পালন করবে। ৪.২ নিজের নিরাপত্তা সম্পর্কে সচেতন হবে।

কাজ-২ঃ ২নং হ্যান্ডআউট

বাংলাদেশ ও বিশ্বপরিচয়

আবশ্যকীয় শিখনক্রম

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা				
	প্রথম শ্রেণি	দ্বিতীয় শ্রেণি	তৃতীয় শ্রেণি	চতুর্থ শ্রেণি	পঞ্চম শ্রেণি
৫. ব্যক্তিগত, পারিবারিক, সামাজিক ও রাষ্ট্রীয় সম্পদের পরিচয়, যথাযথ ব্যবহার, সংরক্ষণ ও অপচয় রোধ করা।		৫.১ শিশুর ব্যক্তিগত ব্যবহার্য সামগ্রী (ব্যাগ, বই, খাতা, পেনসিল, জুতা, বিছানা, পড়ার টেবিল, খেলনা ইত্যাদি) যথাযথভাবে ব্যবহার এবং সংরক্ষণ করতে পারবে ও অপচয় রোধ করবে। ৫.২ পরিবার ও বিদ্যালয়ের বিভিন্ন সামগ্রী যথাযথ ব্যবহার ও সংরক্ষণ করবে এবং অপচয় করা থেকে বিরত থাকবে।		৫.১ সামাজিক ও রাষ্ট্রীয় সম্পদের পরিচয়, ব্যবহার, রক্ষণাবেক্ষণ, উন্নয়ন এবং সংস্কার কাজে যথাসম্ভব অংশগ্রহণ করবে	
৬. সকল পেশাকে গুর"ত্ব দেওয়া ও কায়িক শ্রমের প্রতি আগ্রহী হওয়া ।	৬.১ বাড়িতে ও বিদ্যালয়ে কে কে কাজ করে পর্যবেক্ষণ করবে ও কাজের নাম বলতে পারবে।	৬.১ বাড়িতে নিজের ব্যক্তিগত কাজগুলো যথাসম্ভব নিজে করবে। ৬.২ বাড়িতে ও বিদ্যালয়ের বিভিন্ন কাজে সামর্থ্য অনুযায়ী অংশগ্রহণ ও অন্যদের সহযোগিতা করবে।	৬.১ সমাজের বিভিন্ন পেশাজীবীদের সম্পর্কে জানবে এবং তাদের কাজের গুর"ত্ব বুঝবে।	৬.১ শ্রমের মর্যাদা বুঝবে। ৬.২ সমাজে পেশাজীবীদের অবদান জানবে। ৬.৩ কয়েক ধরনের পেশাজীবীর কাজের বর্ণনা দিতে পারবে এবং সকলের কাজকে শ্রদ্ধা করবে।	-

৭. পরমতসহিষ্ণুতা প্রদর্শন ও				৭.১ বাড়িতে ও শ্রেণিকক্ষের বিভিন্ন কাজে ও বিষয়ে	৭.১ গণতন্ত্রের মূল কথা অনুধাবন করবে।

গণতান্ত্রিক রীতিনীতি অনুশীলন করা।	-	-	-	নিজস্ব মতামত প্রকাশ করবে। ৭.২ অন্যের মতামত ধৈর্যসহ শুনবে ও শ্রদ্ধা করবে। ৭.৩ গণতান্ত্রিক মূল্যবোধ অর্জন করবে।	৭.২ গণতন্ত্রকে শ্রদ্ধা করবে এবং বাড়ি ও বিদ্যালয়ের বিভিন্ন কাজে গণতান্ত্রিক রীতিনীতি চর্চা করবে।
৮. নৈতিক ও সামাজিক গুণাবলি অর্জনের মাধ্যমে ভালো-মন্দের পার্থক্য নিরূপণ করতে পারা এবং তা বাস্তব জীবনে প্রয়োগ করা।	-	৮.১ বাড়িতে ও বিদ্যালয়ে বিভিন্ন ধরনের সামাজিক ও নৈতিক গুণাবলি চর্চা করবে।	৮.১ কয়েকটি সামাজিক ও নৈতিক গুণাবলির তালিকা তৈরি করবে। ৮.২ বাড়িতে ও বিদ্যালয়ে বিভিন্ন ধরনের সামাজিক ও নৈতিক গুণাবলি চর্চা করবে।	৮.১ নৈতিক ও সামাজিক গুণাবলি অর্জন করার গুরুত্ব বুঝবে ও এগুলো অর্জনে সচেষ্ট হবে ও বাস্তব জীবনে সেগুলো প্রয়োগ করবে।	-
৯. বিভিন্ন ধরনের সামাজিক উন্নয়নমূলক কর্মকাণ্ডে অংশগ্রহণ করা এবং এগুলোর গুরুত্ব উপলব্ধি করা।	-	-	৯.১ পরিবার ও বিদ্যালয়ের বিভিন্ন উন্নয়নমূলক কাজ চিহ্নিত করতে পারবে এবং এগুলোতে অংশগ্রহণ করবে।	৯.১ নিজ এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড চিহ্নিত করতে পারবে ও এগুলোতে অংশগ্রহণ করবে।	-

কাজ-২ঃ ৩নং হ্যান্ডআউট

বাংলাদেশ ও বিশ্বপরিচয়

আবশ্যকীয় শিখনক্রম

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা				
	প্রথম শ্রেণি	দ্বিতীয় শ্রেণি	তৃতীয় শ্রেণি	চতুর্থ শ্রেণি	পঞ্চম শ্রেণি
১২. জনসংখ্যা সমস্যা ও সম্ভাবনা সম্পর্কে জানা।	১২.১ ছোট পরিবার ও বড় পরিবার সম্পর্কে ধারণা লাভ করবে। ১২.২ পরিবারে অধিক জনসংখ্যা কীভাবে পরিবেশের উপর প্রভাব ফেলে তা বলতে পারবে।	১২.১ ছোট পরিবার ও বড় পরিবার সম্পর্কে ধারণা লাভ করবে। ১২.২ পরিবারে অধিক জনসংখ্যা কীভাবে পরিবেশের উপর প্রভাব ফেলে তা বলতে পারবে।	১২.১ বাংলাদেশের জনসংখ্যা পরিস্থিতি সংক্ষেপে বর্ণনা করতে পারবে।	১২.১ বাংলাদেশের জনসংখ্যা পরিস্থিতি সম্পর্কে জানবে। ১২.২ বাংলাদেশে জনসংখ্যা দ্রুত বৃদ্ধির কারণ সম্পর্কে জানবে।	১২.১ মানুষের মৌলিক চাহিদার ওপর জনসংখ্যা বৃদ্ধির প্রভাব সম্পর্কে জানবে। ১২.২ বাংলাদেশের মানুষের জীবনযাত্রার মানের ওপর জনসংখ্যা বৃদ্ধির প্রভাব সম্পর্কে জানবে। ১২.৩ বাংলাদেশের ব্যাপক জনগোষ্ঠীকে জনসম্পদে রূপান্তরের গুরুত্ব ও উপায় জানবে।
১৩. পৃথিবীর মহাদেশ ও মহাসাগরগুলো সম্পর্কে প্রাথমিক ধারণা অর্জন।	-	-	১৩.১ মহাদেশ ও মহাসাগরগুলোর নাম বলতে পারবে ও মানচিত্রে এগুলোর অবস্থান দেখাতে পারবে। ১৩.২ বাংলাদেশ কোন মহাদেশে অবস্থিত তা বলতে পারবে।	১৩.১ এশিয়া মহাদেশের সংক্ষিপ্ত বর্ণনা দিতে পারবে।	
১৪. মুক্তিযুদ্ধের ইতিহাস জানা ও এর চেতনায় দেশপ্রেম ও জাতীয়তাবোধে উদ্দীপ্ত হওয়া ।	১৪.১ জাতীয় পতাকার মৌখিক বর্ণনা দিতে পারবে। ১৪.২ মুক্তহাতে জাতীয় পতাকা আঁকতে পারবে। ১৪.৩ জাতীয় সংগীতের প্রথম চার লাইন শুদ্ধ করে বলতে ও গাইতে পারবে ও	১৪.১ জাতীয় পতাকা ব্যবহারের নিয়ম জানবে ও সম্মান করবে। ১৪.২ জাতীয় কবি ও জাতীয় সংগীতের রচয়িতার নাম জানবে। ১৪.৩ জাতীয় সংগীত গাইতে এবং জাতীয়	১৪.১ জাতির পিতার জীবনী ও বাংলাদেশের স্বাধীনতা অর্জনে তাঁর অবদান সংক্ষেপে জানবে ও তাঁর আদর্শে অনুপ্রাণিত হবে। ১৪.২ আমাদের জাতীয় পতাকা ও জাতীয় সংগীত যে মুক্তিযুদ্ধের	১৪.১ মুক্তিযুদ্ধের পটভূমি জানবে (ভাষা আন্দোলন থেকে ১৯৭১ এর ২৫ মার্চ পর্যন্ত) । ১৪.২ বিভিন্ন ক্ষেত্রে তৎকালীন পূর্ব ও পশ্চিম পাকিস্তানের মধ্যে বৈষম্য সম্পর্কে জানবে। ১৪.৩ বাংলাদেশের স্বাধীনতার চেতনার	১৪.১ মুক্তিযুদ্ধের সংক্ষিপ্ত বর্ণনা (২৫মার্চের পর থেকে ১৬ ডিসেম্বর পর্যন্ত) দিতে পারবে ও এর জন্য গর্ববোধ করবে। ১৪.২ সাধারণ মানুষ ও মুক্তিযোদ্ধাদের আত্মত্যাগের কথা জানবে ও তাদের প্রতি শ্রদ্ধা প্রদর্শন করবে। ১৪.৩ মুক্তিযুদ্ধের চেতনায় দেশপ্রেম ও জাতীয়তাবোধে উদ্দীপ্ত হবে এবং ত্যাগের

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা				
	প্রথম শ্রেণি	দ্বিতীয় শ্রেণি	তৃতীয় শ্রেণি	চতুর্থ শ্রেণি	পঞ্চম শ্রেণি
	জাতীয় পতাকাকে সম্মান করবে।	সংগীত ও জাতীয় পতাকাকে কীভাবে সম্মান করতে হয় বলতে পারবে। ১৪.৪ মুক্তিযুদ্ধ স্মরণে ও বিভিন্ন জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষে অনুষ্ঠানে অংশগ্রহণ করবে।	মাধ্যমে অর্জিত হয়েছে তা জানবে ও গর্ব অনুভব করবে। ১৪.৩ জাতীয় পতাকার রং ও নকশার সঠিক অনুপাত এবং বিভিন্ন দিবস ও ক্ষেত্রে এর ব্যবহার জানবে।	কথা জানবে। ১৪.৪ ১৯৭১ এর ২৫ মার্চ রাতে বাঙালিদের ওপর পাকিস্তানি সৈন্য বাহিনীর আক্রমণের ঘটনা বলতে পারবে। ১৪.৫ ১৯৭১ এর ২৬ মার্চ স্বাধীনতার ঘোষণা ও মুক্তিযুদ্ধের উলেণ্টখযোগ্য ইতিহাস জানবে।	মনোভাব গঠন ও দেশগড়ার কাজে সক্রিয় অংশগ্রহণ করবে।

কাজ-২ঃ ৪নং হ্যান্ডআউট

বাংলাদেশ ও বিশ্বপরিচয়

তৃতীয় শ্রেণি (বিস্তৃত শিক্ষাক্রম)

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ/পরীক্ষণ/প্রদর্শন
১	২	৩	৪	৫
৩. মৌলিক চাহিদা ও মানবাধিকার সম্পর্কে ধারণা অর্জন এবং বাস্তব জীবনে অনুশীলন করা।	৩.১ শিশুদের কয়েকটি মৌলিক অধিকার সম্পর্কে জানবে। ৩.২ শিশু নিজের অধিকার প্রতিষ্ঠায় সচেতন হবে ও অন্যের অধিকারের প্রতি শ্রদ্ধাশীল হবে।	৩.১.১ মানুষ হিসেবে শিশুর কয়েকটি অধিকার সম্পর্কে বলতে পারবে। ৩.১.২ শিশুদের কয়েকটি মৌলিক অধিকার উলে- খ করতে পারবে। ৩.১.৩ সামাজিক ও অর্থনৈতিক অবস্থা নির্বিশেষে সকলের সমান অধিকার রয়েছে তা বর্ণনা করতে পারবে। ৩.২.১ নিজের অধিকার আদায়ে শিশুর করণীয় বলতে পারবে। ৩.২.২ অন্যের অধিকারের প্রতি শ্রদ্ধাশীল হবে।	**আমাদের অধিকার ও দায়িত্ব** ● মৌলিক অধিকার ● শিশুর মৌলিক অধিকার। ● শিশুর নিজ অধিকারের প্রতি সচেতনতা । ● অন্যের অধিকারের প্রতি সচেতনতা। ● অন্যের অধিকারের প্রতি শ্রদ্ধা।	শিশুর মৌলিক অধিকারের তালিকা তৈরি। শিক্ষক নিজে ও তাঁর তত্ত্বাবধানে শিশুর অধিকার সংক্রান্ত পোস্টার/চার্ট তৈরি ও সংগ্রহ করবে।
৪. সমাজ ও রাষ্ট্রের সদস্য হিসেবে নিজের অধিকার, দায়িত্ব-কর্তব্য ও নিরাপত্তা সম্পর্কে জানা এবং এগুলো অর্জন ও পালনে সচেতন হওয়া।	৪.১ শিশুর প্রতি পরিবারের ও পরিবারের প্রতি শিশুর দায়িত্ব বলতে পারবে।	৪.১.১ পরিবারের কাছে শিশুর প্রাপ্য অধিকারগুলো উলে- খ করতে পারবে। ৪.১.২ পরিবারে শিশু নিজের দায়িত্ব সম্পর্কে বলতে পারবে।	**পরিবারে শিশুর অধিকার এবং দায়িত্ব ও কর্তব্য** ● পরিবারে শিশুর অধিকার ● পরিবারে শিশুর দায়িত্ব	পরিবারে শিশুর অধিকার ও দায়িত্বের তালিকা তৈরি
৫. ব্যক্তিগত, পারিবারিক, সামাজিকও রাষ্ট্রীয় সম্পদের যথাযথ ব্যবহার, সংরক্ষণ ও অপচয় রোধ করা।	-	-	-	-
৬. সকল পেশাকে গুর"ত্ব দেওয়া ও কায়িক শ্রমের প্রতি	৬.১ সমাজের বিভিন্ন পেশাজীবীদের সম্পর্কে জানবে এবং তাদের কাজের	৬.১.১ সমাজের বিভিন্ন ধরনের পেশার তালিকা তৈরি করতে পারবে।	**সমাজের বিভিন্ন পেশা** ● বাংলাদেশে কয়েক ধরনের পেশার	● বিভিন্ন পেশাজীবীর তালিকা তৈরি। ● বিভিন্ন পেশাজীবীর কাজ: দলগত কাজের

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ/পরীক্ষণ/প্রদর্শন
১	২	৩	৪	৫
আগ্রহী হওয়া।	গুর"ত্ব বুঝবে।	৬.১.২ বিভিন্ন ধরনের পেশাজীবীদের কাজের বর্ণনা দিতে পারবে। ৬.১.৩ সমাজে সব কাজ যে সমান গুর"ত্বপূর্ণ তা উপলব্ধি করবে।	বিবরণ ও গুর"ত্ব।	মাধ্যমে, অভিনয়ের মাধ্যমে।

কাজ-২ঃ ৫নং হ্যান্ডআউট

বাংলাদেশ ও বিশ্বপরিচয়

তৃতীয় শ্রেণি (বিস্তৃত শিক্ষাক্রম)

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ/পরীক্ষণ/প্রদর্শন
১	২	৩	৪	৫
৭. পরমতসহিষ্ণুতা প্রদর্শন ও গণতান্ত্রিক রীতিনীতি অনুশীলন করা।	৭.১ বাড়িতে ও শ্রেণিকক্ষের বিভিন্ন কাজে ও বিষয়ে নিজস্ব মতামত প্রকাশ করবে। ৭.২ অন্যের মতামত ধৈর্যসহ শুনবে ও শ্রদ্ধা করবে। ৭.৩ গণতান্ত্রিক মূল্যবোধ অর্জন করবে।	৭.১.১ পরমতসহিষ্ণুতা কী বলতে পারবে। ৭.১.২ পরমতসহিষ্ণুতার প্রয়োজনীয়তা বলতে পারবে। ৭.১.৩ সকলের যে স্বাধীনভাবে মত প্রকাশের অধিকার আছে সে সম্পর্কে বলতে পারবে। ৭.১.৪ বাড়িতে ও বিদ্যালয়ের বিভিন্ন কাজে নিজের মত প্রকাশ করবে। ৭.২.১ অন্যকে মত প্রকাশের সুযোগ দেবে। ৭.২.২ বন্ধু, খেলার ও পড়ার সাথী ও অন্যদের মতকে সম্মান করবে। ৭.২.৩ কোন বিষযে নিজের মতামত অধিকাংশের মতামতকে যে গ্রহণ করতে হয় সে সম্পর্কে বলতে পারবে। ৭.৩.১ অধিকাংশের মতামতকে গ্রহণ করবে।	**পরমতসহিষ্ণুতা** - পরমতসহিষ্ণুতার প্রয়োজনীয়তা। - স্বাধীনভাবে সবার মতামত প্রকাশের অধিকার। - নিজস্ব মত প্রকাশের গুর"ত্ব। - অন্যের মতামতের প্রতি সম্মান প্রদর্শন। - বাড়ি ও বিদ্যালয়ে বিভিন্ন কাজে পরমত-সহিষ্ণুতা প্রদর্শন করবে।	অভিনয় ও অনুশীলনের মাধ্যমে পরমতসহিষ্ণুতার অনুশীলন করবে। বাস্তবে শ্রেণির বিভিন্ন কাজে পরমতসহিষ্ণুতা প্রদর্শন করবে।
৮. নৈতিক ও সামাজিক গুণাবলি অর্জনের মাধ্যমে ভালো-মন্দের পার্থক্য নিরূপণ করতে পারা এবং তা বাস্তব জীবনে প্রয়োগ করা।	৮.১ নৈতিক ও সামাজিক গুণাবলি অর্জন করার গুর"ত্ব বুঝবে ও এগুলো অর্জনে সচেষ্ট হবে ও বাস্তব জীবনে তা প্রয়োগ করবে।	৮.১.১ নৈতিক গুণাবলি অর্জন করার গুর"ত্ব বুঝবে ও এগুলো অর্জনে সচেষ্ট হবে ও বাস্তব জীবনে তা প্রয়োগ করবে। ৮.১.২ বিভিন্ন ধরণের সামাজিক গুণাবলি অর্জনে সচেষ্ট হবে। ৮.১.৩ ভালো মন্দের পার্থক্য করতে পারবে। ৮.১.৪ বাস্তব জীবনে এসব গুণাবলি	**সামাজিক ও নৈতিক গুণাবলি** ● সামাজিক ও নৈতিক গুণাবলির ধারণা। ● কয়েকটি সামাজিক ও নৈতিক গুণ। ● বাস্তব জীবনে এসব গুণাবলির চর্চা।	দলগত কাজের মাধ্যমে সামাজিক গুণাবলির তালিকা তৈরি করবে। সামাজিক গুণাবলি সম্বলিত গল্পের অভিনয়

বিষয়ভিত্তিক প্রান্তিক যোগ্যতা	শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা	শিখনফল	বিষয়বস্তু	পরিকল্পিত কাজ/পরীক্ষণ/প্রদর্শন
১	২	৩	৪	৫
		চর্চা করবে।		
৯. বিভিন্ন ধরনের সামাজিক উন্নয়নমূলক কর্মকাে অংশগ্রহণ করা এবং এগুলোর গুর ত্ব উপলব্ধি করা।	৯.১ নিজ এলাকার বিভিন্ন উন্নয়নমূলক কর্মকা চিহ্নিত করতে পারবে ও এগুলোতে অংশগ্রহণ করবে।	৯.১.১ নিজ এলাকার উন্নয়নমূলক কর্মকাের তালিকা তৈরি করতে পারবে। ৯.১.২ এসব কাজে যথাসম্ভব অংশগ্রহণ করবে।	**উন্নয়নমূলক কর্মকান্ড** ● নিজ এলাকার উন্নয়নমূলক কর্মকা । ● বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডে অংশগ্রহণ।	শিক্ষার্থীদের দ্বারা নিজ এলাকা পরিদর্শন করিয়ে উন্নয়নমূলক কর্মকাের তালিকা তৈরি। কী কাজ করবে তার পরিকল্পনা তৈরি করবে।
১০. দুর্যোগ সম্পর্কে জানা এবং দুর্যোগ মোকাবেলার দক্ষতা অর্জন করা ।	১০.১ বাংলাদেশে ঘটমান বিভিন্ন ধরনের দুর্যোগ এবং সমাজ জীবনে এদের প্রভাব সম্পর্কে জানবে। ১০.২ প্রতিকূলতা ও দুর্যোগ মোকাবেলার উপায় জানবে এবং প্রয়োজনে ব্যবহার করতে পারবে।	১০.১.১ বাংলাদেশে বিভিন্ন দুর্যোগ (বন্যা, ঘুর্ণিঝড়, জলোচ্ছ্বাস আগুন লাগা) ও এসব দুর্যোগের কারণ সম্পর্কে বলতে পারবে। ১০.১.২ সামাজিক জীবনে এসব দুর্যোগের প্রভাব বর্ণনা করতে পারবে। ১০.২.১ প্রধান প্রধান দুর্যোগ মোকাবেলার প্রস্তুতি ও পরবর্তী করণীয় সম্পর্কে বলতে পারবে। ১০.২.২ দুর্যোগ মোকাবেলার মনোভাব অর্জন করবে।	**দুর্যোগ ও দুর্যোগ মোকাবেলা** ● বিভিন্ন ধরনের দুর্যোগ ও এর কারণ ● সমাজে এগুলোর প্রভাব। ● বিভিন্ন ধরনের দুর্যোগ মোকাবেলার প্রস্তুতি ও পরবর্তী করণীয়।	বাংলাদেশে সংঘটিত দুর্যোগগুলোর তালিকা তৈরি করবে। শিক্ষার্থীরা নিজের দেখা দুর্যোগের মৌখিক বর্ণনা দিবে। রেডিও, টিভি, পত্রিকায় উপস্থাপিত প্রতিরোধমূলক নির্দেশনা শুনবে, শ্রেণিতে বর্ণনা করবে ও মহড়া দেবে।

৫ম দিন

সময় : ১.২০ মি. (১১.৪০-১.০০)

অধিবেশন ঃ ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির পাঠ্যপুস্তক ও শিক্ষক সংস্করণ পরিচিতি (বাংলাদেশ ও বিশ্বপরিচয়) সময়ঃ ১ঘন্টা ২০মি.

অধিবেশনের উদ্দেশ্যঃ

অধিবেশন শেষে প্রশিক্ষণার্থীগণ-

১. ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্য ও কাঠামো শনাক্ত করতে পারবেন।
২. ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির শিক্ষক সংস্করণের বৈশিষ্ট্য ও কাঠমো শনাক্ত করতে পারবেন।
৩. ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির পাঠ্যপুস্তকের বিষয়ের শেষে কার্যক্রম ব্যবহার কৌশল ব্যাখ্যা করতে পারবেন।

প্রশিক্ষণ সামগ্রীঃ ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির পাঠ্যপুস্তক, শিক্ষকসংস্করণ ও তথ্যপত্র।

কাজ-১ঃ পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্য ও কাঠামোঃ

সহায়কের করণীয়ঃ

- প্রশিক্ষণার্থীদেরকে ৬টি দলে ভাগ করবেন।
- দুইটি দলকে ৩য়, দুইটি দলকে ৪র্থ এবং দুইটি দলকে ৫ম শ্রেণির পাঠ্যপুস্তক সরবরাহ করবেন।
- পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্য ও কাঠামো শনাক্ত করতে বলবেন।
- সময়ের নির্দেশনা দিবেন।
- দ্বৈবচয়নের মাধ্যমে ৩টি দলকে উপস্থাপনের সুযোগ দিন।
- মাল্টিমিডিয়া/চার্টের মাধ্যমে পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্য ও কাঠামো প্রদর্শন করে মিলিয়ে নিতে বলবেন।

কাজ-২ঃ শিক্ষক সংস্করণের বৈশিষ্ট্য ও কাঠামো

সহায়কের করণীয়ঃ

- পূর্বের দলে একইভাবে শিক্ষক সংস্করণ (৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির) সরবরাহ করবেন।
- প্রত্যেক দলকে শিক্ষক সংস্করণটি পড়ে, নিজেদের মধ্যে আলোচনা করে সংস্করণটির বৈশিষ্ট্য ও কাঠামো পৃথকভাবে শনাক্ত করতে বলবেন।
- সময়ের নির্দেশনা দিন।
- প্রশিক্ষক নিজে অথবা প্রশিক্ষণার্থীর সহায়তায় বোর্ডে মাইড ম্যাপিং এর মাধ্যমে শিক্ষক সংস্করণের বৈশিষ্ট্য ও কাঠামো লিখবেন।

অতপর চার্টে বা মাল্টিমিডিয়া ব্যবহার করে আপনি শিক্ষক সংস্করণের বৈশিষ্ট্য ও কাঠামো দেখিয়ে দিন।

কাজ-৩ঃ পাঠ্যপুস্তক ও শিক্ষক সংস্করণের অনুশীলনমূলক কাজের ব্যবহার কৌশল।

সহায়কের করণীয়ঃ

- প্রশিক্ষণার্থীদেরকে ৬টি দলে একইভাবে ৩য়, ৪র্থ ও ৫ম শ্রেণির পাঠ্যপুস্তক ও শিক্ষক সংস্করণ সরবরাহ করবেন।
- প্রশিক্ষণার্থীদের পাঠ্যপুস্তকের প্রত্যেক বিষয়বস্তুর শেষে কার্যক্রম (যেমন এসো বলি, লিখি, আরো কিছু করি) ও সেই বিষয়বস্তুর কার্যক্রমের শিক্ষক সংস্করণে উল্লেখিত কৌশল পড়ে দলে আলোচনা করতে বলবেন।
- আলোচনা শেষে প্রত্যেক দলের দলনেতাকে আলোচনার সার সংক্ষেপমৌখিক উপস্থাপন করতে বলবেন।
- প্রয়োজনে আপনি সহায়তা করবেন।

মূল্যায়নঃ সহায়ক নিম্নে উল্লিখিত বিষয়ের আলোকে মূল্যায়ন করবেন।

- পাঠ্যপুস্তকের দুটো বৈশিষ্ট্য বলুন।
- পাঠ্যপুস্তকের কাঠামো বিন্যাস উল্লেখ করেন।
- শিক্ষক সংস্করণের দুটি বৈশিষ্ট্য বলুন।
- পাঠ্যপুস্তকের কার্যকরী ব্যবহারের ক্ষেত্রে শিক্ষক সংস্করণের ভূমিকা কী?

তথ্যপত্র

কাজ-১ঃ পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্য ও কাঠামো

বৈশিষ্ট্য	কাঠামো
• বিষয়ের সাথে প্রাসঙ্গিক ছবি,শ্রেণি, নাম, প্রকাশক, রঙীন প্রচ্ছদ ও শিক্ষণীয় বাক্যসহ লেমিনেটেড কাভার পৃষ্ঠা। • শ্রেণিসহ পাঠ্যপুস্তকের নাম। • রচনা ও সম্পদনা, পরিমার্জনে ও শিল্প সম্পাদনায় অবদানকারীদের নাম উল্লেখ। • প্রসঙ্গ কথার (ভূমিকা) উল্লেখ • পাঠ্যপুস্তক সম্পর্কিত নির্দেশনা • দক্ষতা ম্যাট্রিক্স (অধ্যায়ভিত্তিক বিষয়বস্তুতে সন্নিবেশিত কাজের সাথে সামঞ্জস্যপূর্ণ) • অধ্যায় ও অধ্যায়ভিত্তিক বিষয়বস্তু বিভাজন • বিষয়বস্তু শেষে ধারাবাহিক অনুশীলন ও মূল্যায়ন • সকল অধ্যায় শেষে অধ্যায় ভিত্তিক নমুনা প্রশ্ন সংযোজন • শব্দভান্ডার, প্রাসঙ্গিক ও রঙীন ছবি • বয়স ও সামর্থ্য অনুযায়ী বিষয়বস্তুর পরিধি সংযোজন	• পাঠ্যপুস্তকের বামদিকে বিষয়বস্তু ও ডানপাশে বিষয়বস্তুর আলোকে অনুশীলন ও মূল্যায়ন। • প্রতিটি অধ্যায় একাধিক বিষয়বস্তুতে বিভাজিত (যেমন: অধ্যায়-১ বিষয়বস্তু- ১,২,৩,৪)। • ডানপাশে মূল্যায়নের ধারাটি এসো বলি, এসো লিখি, আরো কিছু করি ও যাচাই করি এভাবে বিন্যস্ত।

কাজ-২ঃ শিক্ষক সংস্করণ এর বৈশিষ্ট্য ও কাঠামো

বৈশিষ্ট্য	কাঠামো
○ শিক্ষক সংস্করণ শিক্ষকের জন্য তৈরি ○ অধ্যায় ভিত্তিক বিষয়বস্তুর বিভাজন ○ শিখন শেখানো কার্যাবলী ○ বার্ষিক পরিকল্পনা অনুযায়ী শ্রেণি ও বিষয়বস্তু ভিত্তিক শিখনশেখানো কার্যাবলী ○ উপকরণের তালিকা ও ব্যবহারের নির্দেশনা ○ মূল্যায়নের সুনির্দিষ্ট নির্দেশনা	• অধ্যায় ভিত্তিক ও শ্রেণিভিত্তিক অর্জনউপযোগী যোগ্যতা • অধ্যায় ভিত্তিক শিখনফল • পাঠ বিভাজন ও পাঠ অনুযায়ী শিখনফল • উপকরণ • শিখন শেখানো কার্যাবলি • অনুশীলনের নির্দেশনা • মূল্যায়ন

৫ম দিন

সময় : ১.৩০ মি. (০২.০০- ৩.৩০)

অধিবেশন শিরোনামঃ বাংলাদেশ ও বিশ্বপরিচয় মূল্যায়ন পদ্ধতি ও কৌশল (৩য়, ৪র্থ ও ৫মশ্রেণি)

অধিবেশনের উদ্দেশ্যঃ

এ অধিবেশনশেষে প্রশিক্ষণার্থীগণ-

- মূল্যায়ন নির্দেশিকার পরিচয় উল্লেখ করতে পারবেন।
- ধারাবাহিক মূল্যায়ন কাঠামো ব্যাখ্যা করতে পারবেন।
- ধারাবাহিক মূল্যায়ন পদ্ধতি ওকৌশল প্রয়োগ করতে পারবেন।
- সামষ্টিক মূল্যায়ন কাঠামো ব্যাখ্যা করতে পারবেন।
- নম্বর বন্টন অনুযায়ী নমুনা অভীক্ষা পদ তৈরি করতে পারবেন।

প্রশিক্ষণ সামগ্রীঃ প্রাথমিক শিক্ষার মূল্যায়ন গাইড লাইন, পাঠ্যপুস্তক,পোষ্ঠার পেপার,পোষ্টার মার্কার,বোর্ড মার্কার।

কাজ-১ঃ মূল্যায়ন নির্দেশিকা পরিচিতি

সহায়কের করণীয়ঃ

- কুশল বিনিময়ের পর হোয়াইটবোর্ডে একজন শিক্ষার্থীর ছবি আঁকবেন
- ছবিকে কেন্দ্র করে প্রশিক্ষনার্থীদের প্রশ্ন করবেন।
- আপনি কীভাবে এই শিক্ষার্থীকে মূল্যায়ন করবে।
- প্রশিক্ষনার্থীদের উত্তরের মাধ্যমে মূল্যায়নকৌশলগুলোবের হয়ে আসবে।মূল্যায়নেরকৌশলগুলোকে প্রশিক্ষণার্থীদেও সহায়তায় দুটিশ্রেণিতে অর্থাৎ ধারাবাহিক ও সামষ্টিক এ ভাগ করুন। প্রয়োজনে আপনি সহায়তা করুন।
- এবার আপনি প্রশিক্ষণার্থীদের ৫/৬ দলে বিভক্ত করে সময়ের নির্দেশনা সহ হ্যান্ডআউট কাজ-১ (ভূমিকা, সাধারণ নির্দেশনা ও নম্বর বিভাজন) বন্টন করবেন।
- দলে হ্যান্ডআউট এর বিষয়বস্তু নিয়ে আলোচনা করতে বলবেন।
- এবার আপনি নিম্নের প্রশ্নের আলোকে প্লেনারিতে আলোচনা পর্ব পরিচালনা করবেন।

প্রশ্নঃ

- শিক্ষার্থীকে কয়ভাবে মূল্যায়ন করা হয়?
- পাঠ চলাকালীন মূল্যায়নকোন ধরনের মূল্যায়ন?
- বছরে ধারাবাহিক মূল্যায়ন কয়বার সংরক্ষণ করবেন?
- সামষ্টিক মূল্যায়ন কী?
- ধারাবাহিক ও সামষ্টিক মূল্যায়ণেশ্রেণিভিত্তিক নম্বর বিভাজন বলুন?
- সমাপনী পরীক্ষায় ধারাবাহিক মূল্যায়নের জন্য কত নম্বর সংযোজন করা হবে?
- সামষ্টিক মূল্যায়নের ক্ষেত্রে ৩য়, ৪র্থ ও ৫মশ্রেণিতে একই নিয়মে নম্বর বিভাজন করা হয়েছে কিনা?

প্রয়োজনে আপনি নির্দেশনা ও নম্বর বিভাজন নিয়ে সারসংক্ষেপ করে দিন।

কাজ-২ ধারাবাহিক মূল্যায়ন কাঠামো

- প্রশিক্ষক পূর্বের স্কেচ পাওয়ার পয়েন্টে বা তথ্য পত্রে প্রদর্শন করবেন।
- প্রশ্ন করবেন এই স্কেচ দেখে বলেন ৩এইচ সম্পর্কে তারা কী জানে। প্রয়োজনে আপনি সহায়তা করবেন।
- এবার বলুন শিক্ষার্থীদের বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ে ধারাবাহিক মূল্যায়নের জন্য কী কী ক্ষেত্রে বিবেচিত হবে?
- উত্তরের ভিত্তিতে পাওয়ার পয়েন্টে বা চার্টে ধারাবহিক মূল্যায়ন কাঠামো প্রদর্শন করবেন ও প্রশ্নোত্তরের মাধ্যমে ব্যাখ্যা করে বুঝিয়ে দিবেন।

কাজ-৩ঃ ধারাবহিক মূল্যায়ন পদ্ধতি ও কৌশল প্রয়োগ

- প্রশিক্ষক ফলাফল সংরক্ষণ রেকর্ড, চেকলিষ্ট ব্যবহারের নির্দেশণা, মূল্যায়ন নির্দেশক চার্টে বা মাল্টিমিডিয়ায় প্রদর্শণ করবেন অথবা তথ্যপত্র থেকে ফটোকপি করে প্রশিক্ষণার্থীদের সরবারাহ করবেন।
- প্রশিক্ষণার্থীদের ৬টি দলে ভাগ করবেন এবং পোস্টার পেপার সরবারহ করবেন।
- প্রশিক্ষণার্থীদের ৩য় শ্রেণির পাঠ্যপুস্ড়ক থেকে ২টি দলকে ২টি অধ্যায় নির্বাচন কওে বিষয়জ্ঞানের মৌখিক মূল্যায়নের জন্য প্রদত্ত ক্ষেত্রের উপর ৩টি নমুনা প্রশ্ন তৈরি করতে বলবেন।
- সময়ের নির্দেশনা দিবেন।
- অপর চার দলকে ৪টি অধ্যায় নির্বাচন করে সামাজিক দক্ষতা ও সামাজিক দৃষ্টিভঙ্গি বিষয়ে পর্যবেক্ষণের কৌশল লিখতে বলবেন।
- তারপর প্রত্যেক দলের কাজ প্রদর্শণ ও উপাস্থাপন করতে বলবেন। প্রয়োজনে আপনি সহায়তা করবেন।

কাজ-৪ঃ সামষ্টিক মূল্যায়ন কাঠামো

প্রশিক্ষক নিচের প্রশ্নগুলো করবেন

১. সামষ্টিক মূল্যায়ণের জন্য আপনারা কীভাবে প্রশ্ন করেন?
২. এক্ষেত্রে নম্বর বিভাজন কীভাবে রয়েছে?

অত:পর আপনি বোর্ড ব্যবহার করে মূল্যায়নের ক্ষেত্রগুলো লিখবেন।

৩. প্রশ্ন করবেন সামষ্টিক মূল্যায়নের জন্য শিক্ষার্থীদের কোন বিষয় বিবেচনা করবেন?

শিক্ষার্থীদের একটু সময় দিয়ে বলুন জ্ঞানের দক্ষতা, অনুধাবনের দক্ষতা, প্রয়োগের দক্ষতা ও কোন কিছুর মূল্যায়ন বিচার করা দক্ষতা, উচ্চত্তর দক্ষতাগুলো বিবেচ্য বিষয় হবে।

এবার আপনি সামষ্টিক মূল্যায়নের কাঠামো চার্ট বা মাল্টিমিডিয়ায় প্রদর্শন করে বুঝিয়ে দিন।

কাজ-৫ঃ সামষ্টিক নমুনা অভীক্ষা তৈরি

- প্রশিক্ষণার্থীদের ৩টি দলে ভাগ করবেন।
- ৩টি দলকে অধ্যায় ভিত্তিক ৩টি অভীক্ষা সেট তৈরি করতে বলবেন।
- কাজ শেষে দলনেতা উপস্থাপন করবেন। প্রয়োজনে সহায়তা করবেন।

তথ্যপত্র

(কাজ-১)প্রাথমিক শিক্ষার মূল্যায়ন গাইডলাইন
বিষয় : বাংলাদেশ ও বিশ্বপরিচয়
শ্রেণি : ৩য় থেকে ৫ম

ভূমিকা : ২০১১ সালে পরিমার্জিত প্রাথমিক স্তরের শিক্ষাক্রমে শিক্ষার্থীর সার্বিক বিকাশকে গুরুত্ব দিয়ে বাংলাদেশ ও বিশ্বপরিচয় বিষয়ের জন্য শ্রেণি ও বিষয়ভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা নির্ধারণ করা হয়। শিক্ষার্থী যাতে এই বিষয়ের মাধ্যমে জ্ঞান, দক্ষতা এবং মূল্যবোধ অর্জন করতে পারে সেদিকে লক্ষ্য রেখেই শিক্ষাক্রম প্রণয়ন করা হয়েছে। বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিক্ষাক্রমে শিক্ষার্থীর মূল্যবোধ বা দৃষ্টিভঙ্গি অন্তর্ভুক্ত থাকলেও প্রায়োগিক ক্ষেত্রে যথাযথ গুরুত্ব না পাওয়ায় বর্তমানে শিক্ষার্থীর আচরণিক বৈশিষ্ট্যে এর প্রতিফলনের অভাব অনুভূত হয়। এজন্য প্রায়োগিক ক্ষেত্রে যেন শিক্ষার্থীর সামাজিক দক্ষতা ও সামাজিক দৃষ্টিভঙ্গি প্রতিফলিত হয় তা বিবেচনায় রেখে ধারাবাহিক মূল্যায়নকে বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে।
ধারাবাহিক মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষক, শিখন শেখানো প্রক্রিয়া চলাকালীন সংশ্লিষ্ট পাঠের শিখনফল অর্জন নিশ্চিত করবেন।
সামষ্টিক মূল্যায়নের ক্ষেত্রে শিখন ঘটেছে কি না তা যাচাই করবেন। অর্থাৎ পূর্ব নির্ধারিত উদ্দেশ্য অর্জনের জন্য শিখনের গুণগত ও পরিমানগত দিক বিবেচনা করবেন।
সামাজিকরণের সাথে সম্পৃক্ত বিভিন্ন ঘটনা শিক্ষার্থীর অভিজ্ঞতাকে সমৃদ্ধ করে। তার অনুসন্ধিৎসু মন অভিজ্ঞতালব্ধ বিষয়গুলো সম্পর্কে জানতে আগ্রহী হয়। কোমলমতি শিক্ষার্থীর মনে যে কৌতূহল এবং আগ্রহের সৃষ্টি হয় তার মাধ্যমে সে জাতীয় এবং সামাজিক পরিমণ্ডলের পরিবর্তিত পরিস্থিতির সাথে খাপ খাইয়ে নেওয়ার যোগ্যতা অর্জন করে। ফলে উন্নত জীবনযাপন ও সমাজের অগ্রগতি সাধনে শিক্ষার্থীর চিন্তন প্রক্রিয়া সক্রিয় হয়, সৃজনশীলতার বিকাশ ঘটে, আগ্রহের ক্ষেত্রে বিস্তৃত হয়।
একজন দক্ষ ও অভিজ্ঞ শিক্ষক হিসেবে শিক্ষার্থী মূল্যায়নের ক্ষেত্রে প্রস্তাবিত ধারাবাহিক এবং সামষ্টিক মূল্যায়নের কাঠামো অনুসরণ করবেন। আশা করছি মূল্যায়ন গাইডটি আপনার আস্থাকে সুদৃঢ় করবে এবং আপনি সাফলতা অর্জন করতে সক্ষম হবেন।

সাধারণ নির্দেশনা :

- ধারাবাহিক মূল্যায়নের ক্ষেত্রে শিক্ষক পাঠ চলাকালীন বা পাঠ সমাপনান্তে শিক্ষার্থীর বিষয়জ্ঞান, সামাজিক দক্ষতা এবং সামাজিক দৃষ্টিভঙ্গি মূল্যায়ন করবেন। মনে রাখবেন এটি কোনো আনুষ্ঠানিক মূল্যায়ন নয়।
- নম্বর বণ্টন, ধারাবাহিক মূল্যায়ন কাঠামো এবং সামষ্টিক মূল্যায়ন কাঠামো ব্যবহার করে মূল্যায়ন করবেন।
- ধারাবাহিক এবং সামষ্টিক মূল্যায়নের কিছু নমুনা উদাহরণ দেওয়া হয়েছে। শিক্ষক প্রাসঙ্গিকতা বজায় রেখে নিজে প্রশ্ন তৈরি করবেন।
- চেকলিস্ট অনুসরণ করে শিক্ষক প্রতিমাসে একবার করে মোট তিনবার ধারাবাহিক মূল্যায়নের রেকর্ড সংরক্ষণ করবেন। প্রতি সাময়িকের ধারাবাহিক মূল্যায়ন করবেন।
- সামষ্টিক মূল্যায়নের নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নের প্রাপ্ত নম্বর যোগ করে চূড়ান্ত ফলাফল প্রকাশ করবেন।
- সমাপনী পরীক্ষার ক্ষেত্রে ১ম ও ২য় সাময়িকের ধারাবাহিকের গড় ২০ নম্বর সামষ্টিক মূল্যায়নের ৮০ নম্বরের সাথে যুক্ত করে চূড়ান্ত ফলাফল প্রকাশ করতে হবে।
- যে সমস্ত বিষয় (নির্দেশক) বিবেচনা করে শিক্ষক শিক্ষার্থীর বিষয়জ্ঞান, সামাজিক দক্ষতা ও সামাজিক মূল্যবোধ যাচাই করবেন তার নমুনা দেওয়া আছে। শিখন শেখানো কার্যাবলিতে শিক্ষার্থীর আগ্রহ, মনোযোগ, ধৈর্য্য এবং স্তত:স্ফুর্ত অংশগ্রহণ শিক্ষক বিবেচনা করবেন (পরিশিষ্ট- দ্রষ্টব্য)।
- পাঠকে আনন্দময় করে তুলবেন এবং তাকে এমনভাবে পাঠে সম্পৃক্ত করবেন যাতে তার শিখন স্থায়ী হয়।

নম্বর বিভাজন :

শ্রেণি	ধারাবাহিক মূল্যায়ন			সামষ্টিক মূল্যায়ন			
	বিষয়জ্ঞান	সামাজিক দক্ষতা	সামাজিক দৃষ্টিভঙ্গি	জানা	অনুধাবন	প্রয়োগ	উচ্চতর দক্ষতা
৩য়	১৫	১০	৫	৩০	২০	১৫	৫
৪র্থ	১৫	১০	৫	৩০	২০	১৫	৫
৫ম	১০	৫	৫	৩০	২০	২০	১০

সমাপনী পরীক্ষা : ২০ নম্বর ধারাবাহিক মুল্যায়ন থেকে যুক্ত হবে

৫ম দিন

সময় : ৪৫ মি. (৩.৩০ থেকে ৪.১৫)

অধিবেশনের শিরোনামঃ প্রদর্শন পাঠ

অধিবেশনের উদ্দেশ্যঃ

এ অধিবেশন শেষে প্রশিক্ষণার্থীগণ

- অনুশীলন পাঠদানে অনুসৃত ধাপ ও প্রদ্ধতি কৌশলগুলো চিহ্নিত করতে পারবেন।
- বিষয়বস্তু উপস্থাপনয় সংশিষ্ট উপকরণ ব্যবহার করতে পারবেন।
- মূল্যায়ন কৌশল ব্যবহার করতে পারবেন।
- বিভিন্ন ধাপে প্রশ্ন করার কৌশল আয়ত্ত ও প্রয়োগ করতে পারবেন।

প্রশিক্ষণ সামগ্রী: ৩য় শ্রেণির বাংলাদেশ ও বিশ্বপরিচয় পাঠ্যপুস্তক ও শিক্ষক সংস্করণ।

কাজ-১ঃ প্রদর্শনী পাঠ উপস্থাপন

সহায়কের জন্য করণীয়

- প্রদর্শনী পাঠ উপস্থাপনের পূর্বেই প্রশিক্ষণার্থীদের বলে দিবেন যে, প্রদর্শনী পাঠের পর অনুশীলন পাঠদান পরিচালিত হবে। সকলেই যেন অনুশীলন পাঠদানের জন্য মানসিকভাবে প্রস্তুত থাকবেন।
- প্রদর্শন পাঠের নির্দেশনা অনুযায়ী সহায়ক প্রদর্শন পাঠ দিবেন।
- দৈবচয়নের মাধ্যমে অনুশীলন পাঠদানের জন্য একজনকে নির্বাচন করবেন।

সহায়কের জন্য প্রদর্শন পাঠের নির্দেশনা

- প্রর্দশনী পাঠের জন্য সহায়ক শিক্ষক সংস্করণের অধ্যায়-১, পাঠ ৩: সমাজ ও সামাজিক পরিবেশ এর প্রস্তুতি থাকবেন।
- ধারাবাহিক মূল্যায়নের কৌশল (মৌখিক ও লিখিত) প্রয়োগের বিষয়টি বিবেচনা রাখবেন।
- ফলাবর্তনের ব্যবস্থা থাকবে (অর্থাৎ ধারাবাহিক মূল্যায়ন, প্রশ্নকরণ, পাঠ্যপুস্তকের নির্দেশিত কাজ, পাঠদানে কীভাবে সামাজিক দক্ষতা এবং সামাজিক দৃষ্টিভঙ্গি মূল্যায়নের বিষয়টি বিবেচনায় রাখবেন তা আলোচনা করবেন।)
- **বিশেষ দ্রষ্টব্যঃ** সম্ভব হলে মডেল বিদ্যালয়ে একটি অনুশীলন পাঠদানের ব্যবস্থা করা। প্রশিক্ষক প্রয়োজনে তার পছন্দমতো পাঠ নির্বাচন করে নিতে পারবেন।

কাজ-২ঃ প্রদর্শনী পাঠ পর্যালোচনা

- সহায়ক প্রদর্শন পাঠের নির্দেশনা অনুযায়ী পাঠ পর্যালোচনা পরিচালনা করবেন।

৫ম দিন

সময় : ৪৫ মি. (৪.১৫- ৫.০০)

অধিবেশনের শিরোনামঃ অনুশীলন পাঠদান

অধিবেশনের উদ্দেশ্যঃ

এ অধিবেশন শেষে প্রশিক্ষণার্থীগণঃ

- শিক্ষক সংস্করণ ব্যবহার করে শিখন-শেখানো কার্যবলী পরিচালনা করতে পারবেন।

প্রশিক্ষণ সামগ্রীঃ পাঠ্যপুস্তক ও শিক্ষক সংস্করণ

কাজ-১ঃ প্রশিক্ষণার্থী কর্তৃক শিখন-শেখানো কার্যাবলী পরিচালনা

সহায়কের করণীয়ঃ

- দ্বৈবচয়নের মাধ্যমে নির্বাচিত প্রশিক্ষণার্থীকে অনুশীলন পাঠদানের জন্য আহবান জানাবেন।
-

বিশেষ দ্রষ্টব্য ঃ সম্ভব হলে মডেল বিদ্যালয়ের বাস্তব শ্রেণিকক্ষে অনুশীলন পাঠদান কার্যক্রম পরিচালনা করবেন।

কাজ-২ ঃ অনুশীলন পাঠদান শেষে প্রদর্শনী পাঠের নির্দেশনা অনুযায়ী পাঠ পর্যালোচনা করবে।